# সংসদ এলাকায় জুলাই যোদ্ধা ও পুলিশের সংঘর্ষ, গাড়ি ভাঙচুর-টিয়ারশেল নিক্ষেপ




সংগৃহীত ছবি

জুলাই সনদ স্বাক্ষরকে কেন্দ্র করে সংসদ ভবন এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। দুপুরে জুলাই যোদ্ধা ও পুলিশের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। এতে কয়েকটি গাড়ি ভাঙচুর হয় এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড ব্যবহার করে পুলিশ।

জুলাই সনদ স্বাক্ষরকে কেন্দ্র করে শুক্রবার (১৭ অক্টোবর) দুপুরে সংসদ ভবন এলাকায় উত্তেজনাপূর্ণ পরিস্থিতি তৈরি হয়। দুপুর ১টা ২০ মিনিটের দিকে সংসদ ভবনের দিকে অগ্রসর হন ‘জুলাই যোদ্ধারা’। এ সময় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা তাদের ধাওয়া দিয়ে এলাকা থেকে বের করে দেন।

তবে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে পড়া জুলাই যোদ্ধারা সংসদ ভবনের ১২ নম্বর গেট ভেঙে ফেলেন এবং বাইরে বের হয়ে একাধিক ট্রাক ও বাস ভাঙচুর করেন। ভাঙচুরের সময় পুলিশের দুইটি গাড়িও ক্ষতিগ্রস্ত হয়। পুলিশ সদস্যরা আন্দোলনকারীদের ধাওয়া দিলে তারা পাল্টা ইট-পাটকেল নিক্ষেপ করে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে। টিয়ারশেল নিক্ষেপের পর আন্দোলনকারীরা পিছু হটলেও দূর থেকে আবারও ইট-পাটকেল নিক্ষেপ চালিয়ে যান। এ সময় পুলিশের লাঠিচার্জের ঘটনাও ঘটে।

বর্তমানে সংসদ ভবন এলাকার আশপাশে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কাজ করছে আইন-শৃঙ্খলা বাহিনী।

LENS ASIA